ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০০৪

জম্পুইজলা,২ ডিসেম্বর,২০২৪

**জম্পুইজলা মহকুমায় বুড়িমা উৎসব**
**জনজাতিদের কৃষ্টি সংস্কৃতি রক্ষায় সরকার অগ্রাধিকার দিয়েছে : জনজাতি কল্যাণমন্ত্রী**

উৎসব হচ্ছে মিলন মেলা। উৎসব মানুষের ঐক্য ও সম্প্রীতিকে সুদৃঢ় করে। গতকাল জম্পুইজলা মহকুমার বিদিরবাজারে বুড়িমা উৎসবের উদ্বোধন করে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। অনুষ্ঠানে তিনি বলেন, জনজাতিদের কৃষ্টি সংস্কৃতি রক্ষায় সরকার অগ্রাধিকার দিয়েছে। জনজাতিদের কৃষ্টি সংস্কৃতি রক্ষায় জনজাতি সম্প্রদায়ের যুব সমাজকেও এগিয়ে আসতে হবে। বুড়িমা উৎসবে জম্পুইজলা মহকুমার বিভিন্ন ভিলেজের শিল্পীগণ মামিতা ও গড়িয়া নৃত্য এবং লোকসঙ্গীত পরিবেশন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্বজিৎ কলই, জমাতিয়া হদা অক্রা বিপ্রকুমার জমাতিয়া, জমাতিয়া হদা পাঞ্চাই দেবামনি জমাতিয়া, ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের সিইও সি কে জমাতিয়া, সিপাহীজলা জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য শচীন কলই, মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য ধর্মচরণ জমাতিয়া প্রমুখ।

*****